নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড
Northern Electricity Supply Company Limited
(An Enterprise of Bangladesh Power Development Board)
প্রধান কার্যালয়
বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ
রাজশাহী
**Liaison Office:** 166-167, Shaheed Syed Nazrul Islam Sarani, Al-Razi Complex (6th floor), Suit no-604, PuranaPaltan, Dhaka-1000

স্মারক নং-নেসকোলিঃ/ঢাকা/এমডি/২০১৮-২৮ তারিখঃ ০৬/০৩/২০১৮খ্রিঃ

## দপ্তরাদেশ

নেসকো লি: এর নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ায় নিম্নবর্ণিত প্রার্থীদেরকে বিধি মোতাবেক নিম্নবর্ণিত শর্তে সহকারি প্রকৌশলী (সিভিল) পদে নিয়োগ প্রদান করা হলোঃ

| মেধাক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ | ৯০০৭৭ | মো: আলাউদ্দিন খান |
| ২ | ৯০৭৫৬ | মো: কামরুজ্জামান নূর |
| ৩ | ৯০০৭৪ | রাহুল বিশ্বাস |
| ৪ | ৯০২৫০ | অর্জুন দেবনাথ |
| ৫ | ৯০৩৩১ | খোশনুর তাবাসসুম |

১. নিয়োগ চুক্তির মেয়াদ : ০১ (এক) বছর প্রবেশনারি পিরিয়ডসহ এ নিয়োগ-চুক্তির মেয়াদ ৩ বৎসর। এই চুক্তির মেয়াদ শর্ত সাপেক্ষে নবায়ন যোগ্য।

২ .বেতন:পারিতোষিক ও অন্যান্য সুবিধাদি ,

| | | | |
|---|---|---|---|
| ক) | মাসিক মূল বেতন | - | ৳ ৫১,০০০.০০ (একান্ন হাজার ) টাকা মাত্র। |
| খ) | বাড়ি ভাড়া ভাতা | - | কোম্পানি আবাসন সুবিধা প্রদান না করলে মূল বেতনের ৫০% (রাজশাহী ও রংপুর মেট্রো) এবং অন্যান্য জায়গার জন্য ৪০% হারে বাড়ি ভাড়া পাপ্য। |
| গ) | মেডিক্যাল ভাতা | - | নেসকোর নীতিমালা অনুসারে। |
| ঘ) | বোনাস | - | নেসকোর নীতিমালা অনুসারে। |
| ঙ) | যানবাহন/যানবাহন ভাতা | - | নেসকোর নীতিমালা অনুসারে। |
| চ) | অন্যান্য সুবিধাদি | - | নেসকোর নীতিমালা অনুসারে গ্রাচুয়েটি এবং অন্যান্য সুবিধাদি প্রযোজ্য যা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুসারে পরিবর্তন যোগ্য। |
| ছ) | আয়কর | - | কর্মকর্তাকে পরিশোধ করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৩. | টারমিনেশন/চাকুরিচ্যুতি/ চাকরির অবসান | : | কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০৩(তিন) মাসের অগ্রিম নোটিশ অথবা ০৩(তিন) মাসের মূলবেতনের সমপরিমান অর্থ প্রদান সাপেক্ষে এ নিয়োগ টারমিনেশন/চাকরিচ্যুত/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষন করে। উল্লেখ্য, বার্ষিক লক্ষমাত্রা অর্জনের ব্যর্থতা কিংবা দুর্নীতিগ্রস্থ হওয়া কিংবা দায়িত্ব অবহেলা কিংবা অসদাচরণ ইত্যাদির ক্ষেত্রেও কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই টারমিনেশন/ চাকরিচ্যুতি/ চাকরির অবসান করা যাবে। |
| ৪. | স্বেচ্ছায় পদত্যাগ | : | ০৩ (তিন) মাসের নোটিশ অথবা ০৩(তিন) মাসের মূল বেতনের সমপরিমান অর্থ জমা প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করা যাবে। |

| | | | |
|---|---|---|---|
| ৫. | চাকুরির সুবিধাদি পরিবর্তন/পরিমার্জন | : | নেসকো’র পরিচালনা পর্ষদ কোম্পানি আইন অথবা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগপত্রে উল্লিখিত চাকরির শর্তাবলি ও সুবিধাদি পরিবর্তন/ পরিবর্ধন/ সংশোধন করার ক্ষমতা সংরক্ষন করে। |
| ৬. | শারীরিক যোগ্যতার সনদ | : | যোগদান পত্রের সাথে সরকারি মেডিক্যাল কলেজ এর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অথবা সিভিল সার্জন অফিস কর্তৃক আপনার শারীরিক যোগ্যতার বিষয়ে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। |
| ৭. | ছবি ও সনদপত্র দাখিল | : | যোগদানের সময় আপনার দুই কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি এবং শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র সত্যায়িত কপি দাখিল করতে হবে। |
| ৮. | ছাড়পত্র | : | সরকারি/ আধাসরকারি/স্বায়ত্ত্ব শাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীগণকে স্ব স্ব প্রতিষ্ঠান হতে অব্যাহতি পত্র দাখিল করতে হবে। |
| ৯. | সম্মতি স্বাক্ষর | : | বর্ণিতশর্ত এবং নেসকোর চাকরি বিধি, সংশ্লিষ্ট বিধিমালা/নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত আদেশ সমূহ মেনে চলার সম্মতি হিসেবে এ নিয়োগপত্রের একটি কপিতে স্বাক্ষর করতে হবে। |
| ১০. | সার্টিফিকেটের তথ্যে | : | পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট , মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানের সন্তান সম্পর্কিত তথ্যে, সার্টিফিকেটের তথ্যে অমিল/ভুল/মিথ্যা পরিলক্ষিত হলে তাৎক্ষনিক ভাবে সংশ্লিষ্ট প্রার্থীর ক্ষেত্রে এই নিয়োগ আদেশ বাতিল করা হবে। |
| ১১. | দৈনিক/ভ্রমণ ভাতা | : | পদস্থিত দপ্তরে যোগদানের জন্য কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা দেওয়া হবে না। |

এমতাবস্থায় উর্পযুক্ত শর্তে সম্মত থাকলে আপনাদেরকে আগামী ০৮/০৩/২০১৮ইং তারিখের মধ্যে সম্মতিপত্রে স্বাক্ষর পূর্বক নিম্ন স্বাক্ষরকারী বরাবর ইমেইল এর মাধ্যমে (scan copy) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সম্মতিপত্রে স্বাক্ষর প্রদানকারিগণকে আগামী ১১/০৩/২০১৮ইং রবিবার সকাল ৯ ঘটিকায় বিদ্যুৎ ভবন, রাজশাহী-তে উপস্থিত থাকার জন্য নির্দেশ করা হলো।

আপনার বিশ্বস্ত

এ বি এম ইমতিয়াজ উদ্দিন আহমেদ
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
ইমেইল: imtiaz.uddin@nesco.gov.bd

(প্রার্থী কর্তৃক নিয়োগের শর্তাবলিতে সম্মতি স্বাক্ষর)

**নাম:**
**পিতার নাম:**
**রোল নম্বর:**